# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 31 May, 2025

ঈদুল আজহার ছুটি শেষে কর্মস্থলে ফেরার সুবিধার্থে শুরু হয়েছে ফিরতি ঈদযাত্রার ট্রেন টিকিট বিক্রি।বাংলাদেশ রেলওয়ের বিশেষ ব্যবস্থায় শনিবার (৩১ মে) বিক্রি হবে আগামী ১০ জুনের আন্তঃনগর ট্রেনের টিকিট।

রেলওয়ে সূত্রে জানা গেছে, পশ্চিমাঞ্চলগামী ট্রেনের টিকিট বিক্রি শুরু হবে সকাল ৮টায়, আর পূর্বাঞ্চলগামী ট্রেনের টিকিট বিক্রি শুরু হবে দুপুর ২টায়।যাত্রীদের ভোগান্তি কমাতে এবারও শতভাগ আসন অনলাইনে বিক্রি করা হচ্ছে।

ঈদ-পরবর্তী সাত দিনের (৯-১৫ জুন) ট্রেন টিকিট বিক্রি হবে ধাপে ধাপে।তারিখ অনুযায়ী বিক্রির সময়সূচি হলো- ৯ জুনের টিকিট: ৩০ মে, ১০ জুনের টিকিট: ৩১ মে, ১১ জুনের টিকিট: ১ জুন, ১২ জুনের টিকিট: ২ জুন, ১৩ জুনের টিকিট: ৩ জুন, ১৪ জুনের টিকিট: ৪ জুন ও ১৫ জুনের টিকিট: ৫ জুন।

সাজানো বন্দুকযুদ্ধের নামে পুলিশি বীভৎসতা, গুলি করে পঙ্গু করা হতো বিরোধী নেতাদের

রেলওয়ের নির্দেশনা অনুযায়ী, এই টিকিটগুলো ফেরত দেয়া যাবে না।একজন যাত্রী সর্বোচ্চ চারটি আসনের টিকিট কিনতে পারবেন।একাধিক টিকিট কেনার সময় অবশ্যই সহযাত্রীদের নাম দিতে হবে।

রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, যাত্রাপথ নির্বিঘ্ন করতে সর্বাত্মক প্রস্তুতি নেয়া হয়েছে।যাত্রীরা যেন সহজেই টিকিট সংগ্রহ করতে পারেন এবং নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারেন, সে লক্ষ্যেই এই বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ঈদুল আজহা ট্রেন টিকিট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:35

URL: https://www.timestodaybd.com/national/5253493170